

## দেশের সব প্রকৌশল বিশ্ববিদ্যালয় বন্ধের হুমকি

■ সমকাল প্রতিবেদক  
 প্রকৌশল পেশা ধ্বংসের চক্রান্ত বন্ধ করা না হলে দেশের সব প্রকৌশল বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেওয়া হবে বলে হুমকি দিয়েছেন ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন অব বাংলাদেশ (আইইবি) নেতারা। বৃহস্পতিবার দুপুরে রাজধানীর রমনায় আইইবি ভবনের সামনে প্রকৌশল পেশা ধ্বংসের চক্রান্তের বিরুদ্ধে এক প্রতিবাদ সমাবেশে, বক্তারা এ হুমকি দেন। সমাবেশে প্রকৌশল পেশার যানোয়তন, প্রকৌশল পেশাজীবীদের স্বার্থরক্ষা, দেশের উন্নয়ন কাজের সম্পূর্ণতা এবং গতিশীলতার স্বার্থে ৭ দফা দাবি উপস্থাপন করেন আইইবির সাধারণ সম্পাদক মিয়া মোহাম্মদ কাইউম।

এ সময় বক্তারা বলেন, একটি বিশেষ মহল নিজেদের পেশাগত দাবি-দাওয়া আদায় করতে পলিটেকনিক ইনস্টিটিউটের কোমলমতি ছাত্রদের রাজপথে নামিয়ে দিয়েছে। ২ দফা দাবির নামে ছাত্রদের ঘাটে নামানো হলেও অনেক ছাত্রই দুই দফা সম্পর্কে বিভ্রান্তি জানে না। তাদের কৌশলে ক্লাস রুম ছেড়ে রাস্তায় টেনে আনা হয়েছে। হীন উদ্দেশ্যে প্রকৌশলীর সংজ্ঞা পরিবর্তন করা হচ্ছে। আমরা এটা করতে দিতে পারি না।

আইবির প্রেসিডেন্ট শামীম-উল-জামান বসুনিয়ার সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন তাইস প্রেসিডেন্ট প্রকৌশলী আবদুল হুইফ, প্রকৌশলী এম আবদুল সবুর, প্রকৌশলী মেসবাহুর রহমান টুটুল, প্রকৌশলী রান মনজুর মোরশেদ, গণপূর্ত অধিদফতরের প্রধান প্রকৌশলী কবির আহমদ কুইয়া প্রমুখ।